**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা

স্থানীয় সরকার

www bhola.gov.bd

নম্বর- ০৫.১০.০৯০০.০০০.০০৪.০২.০০৭৩.১৬- ৯৪৭

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

## পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৭/০৭/২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০০১.১৭-২৩৪ নম্বর স্মারক, ০৮/০৭/২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০০১.১৭-২৩৫ নম্বর স্মারক, ০৭/১০/২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০০১.১৭-৪৩৫ নম্বর স্মারক, ১৭/০৪/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০০.০১৮.৯৯.০২৪.১৯ (অংশ-১)-৯৯৯ নম্বর স্মারক এর নির্দেশনা এবং ২৬/১১/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০১৮.১১.০০০১.২৫-২৬৪৭ নম্বর স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদে 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' পদে (নতুন সৃষ্ট) অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিম্নলিখিত জাতীয় বেতন স্কেল ও শর্তাদি পালন সাপেক্ষে ভোলা জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | বেতন স্কেল- ৯,৩০০-২২৪৯০/- টাকা।<br><br>(মোট বেতন ভাতার ৭৫% সরকার ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়) | ৬৮ (আটষট্টি) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

**শর্তাবলী:**

০১। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) অথবা জেলা প্রশাসক, ভোলা-এর ওয়েব সাইট (www.bhola.gov.bd) এবং ভোলা জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা হতে সংগ্রহ করা যাবে।

০২। আবেদনপত্র আগামী ৩১/০৩/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, ভোলা বরাবর সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন প্রেরণ করা যাবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি আবেদনের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে। ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে।

০৪। পরীক্ষার ফি বাবদ জেলা প্রশাসক, ভোলা-এর অনুকূলে ৩০০/-(তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা আবেদনের শেষ তারিখে (৩১/০৩/২০২৬) ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। খামের উপর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৭। প্রার্থী কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৯। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোনো তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে উপর্যুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোনো শর্ত সংযোজন/বিয়োজন/পরিমার্জন/পরিবর্তন এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১২। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিরূপ মন্তব্য পাওয়া গেলে এবং কোটার স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্রের সঠিকতা পাওয়া না গেলে নিয়োগ বাতিলযোগ্য হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। চাকুরির বিষয়ে কোনো প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য করা হবে।

১৪। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখপূর্বক ১০/-(দশ) টাকার মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫×৪.৫ সাইজের একটি ফেরৎ খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। প্রার্থীকে আবেদনপত্রের সাথে কোনো কাগজপত্র সংযুক্ত করতে হবে না। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল যোগ্যতার সনদপত্রসহ সকল প্রকার সনদের (কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসহ) মূলকপি নিয়োগ বোর্ডের নিকট প্রদর্শন করতে হবে।

চলমান পাতা-০২

১৬। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে রিট পিটিশন নং-২৬৬৩/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল নং-১১৬৭-এর ০৯/০৪/২০১৭ তারিখের, রিট পিটিশন নং-১১৪৭৬/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল নং-৪৫২/২০১৮-এর গত ০৫/০২/২০১৮ তারিখের, রিট পিটিশন নং- ১৬৭১৪/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল নং-৭৬৭/২০১৮-এর ০১/০৩/২০১৮ তারিখের, রিট পিটিশন নং- ১৫৯৬০/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল নং-৭০৭/২০১৮-এর ০১/০৩/২০১৮ তারিখের এবং রিট পিটিশন নং-১৩৩৯১/২০১৮ হতে উদ্ভূত লীভ টু আপীল নং-৭৮৮/২০১৮-এর ০১/০৩/২০১৮ তারিখের আদেশ অনুসরণ ও প্রতিপালন করা হবে।

১৭। কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২৩/০৭/২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং প্রজ্ঞাপনে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৮। ইতোপূর্বে যারা এ পদে আবেদন করেছেন তাদের নতুনভাবে বা পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৯। মিথ্যা তথ্য দিয়ে অথবা তথ্য গোপন করে কেউ চাকুরী পেলেও তা উদঘাটিত এবং প্রমানিত হওয়ার সাথে সাথেই চাকুরী হতে স্থায়ী বরখাস্ত হবে।

২০। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮.০৩.২০২৬
(ডা. শামীম রহমান)
জেলা প্রশাসক
ভোলা।
(ফোন)

নম্বর- ০৫.১০.০৯০০.০০০.০০৪.০২.০০৯৩.১৬-১৪৭

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
৬. জেলা প্রশাসক..............................................(সকল)।
৭. পুলিশ সুপার, ভোলা।
৮. সিভিল সার্জন, ভোলা।
৯. জেলা...............................................কর্মকর্তা, ভোলা।
১০. চেয়ারম্যান/প্রশাসক,..........................................উপজেলা পরিষদ,......................., ভোলা।
১১. উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা, ভোলা।
১২. সিনিয়র সহকারী সচিব (বিজ্ঞাপন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সহকারী কমিশনার (ভূমি), ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা, ভোলা।
১৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা, ভোলা।
১৫. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা (নিয়োগ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. জেলা তথ্য অফিসার, ভোলা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭. চেয়ারম্যান/প্রশাসক.....................................ইউনিয়ন পরিষদ. ........................., ভোলা।
১৮. সম্পাদক, দৈনিক..................................................। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি একদিন আপনার পত্রিকায় ভিতরের পাতায় দশ ফন্টে সিংগেল স্পেসে (অফিসের ঠিকানার প্রথম চার লাইন ১৮ ফন্টে) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৮.০৩.২০২৬
জেলা প্রশাসক
ভোলা।
(ফোন)